Office of the Registrar
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 880-2-9670531,9661920-59/4020(off)
Fax t 88-02-9667222
E-mail: registrar@du.ac.bd,vcoffice@du.ac.bd

রেজিস্ট্রারেরঅফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন ঃ ৯৬৭০৫৩১ (অফিস)
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৬৬৭২২২

স্মারক নং- রেজিঃ/ শিক্ষা-১/ ৫০০৭১ - ত্রি

তারিখঃ ১৯/১/২০২৬

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

মহোদয়,

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বোর্ড অব এ্যাডভান্সড স্টাডিজের (২৩/১১/২০২৫) সুপারিশে একাডেমিক কাউন্সিলের (২৬/১১/২০২৫) সভায় নিম্নে উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

(ক) এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে নতুন ভর্তির আবেদনের ক্ষেত্রে বিভাগে কর্মরত অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ পিএইচ.ডি. ডিগ্রিধারী সহকারী অধ্যাপক তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক দেশের ভিতরে অথবা বাইরে দীর্ঘমেয়াদী ছুটিতে/ ডেপুটেশনে/ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে/ অবসরে গেলে যুগ্ম-তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) এম.ফিল ও পিএইচ.ডি. প্রোগ্রাম চলাকালীন কোন তত্ত্বাবধায়ক শিক্ষক দেশের ভিতরে অথবা বাইরে দীর্ঘমেয়াদী ছুটিতে/ ডেপুটেশনে/ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে/ অবসরে গেলে যুগ্ম-তত্ত্বাবধায়ক হিসেবে কিংবা বিশেষক্ষেত্রে বিভাগীয় কোন একজন শিক্ষককে যুগ্ম-তত্ত্বাবধায়ক হিসেবে নিয়োগ করতে হবে।

(গ) এম.ফিল. প্রথম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ এম.ফিল. দ্বিতীয় বর্ষের (প্রথম পর্ব পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ থেকে এক বছর) মধ্যে এম.ফিল. থেকে পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রার্থীকে সরাসরি পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির আবেদন করার ন্যূনতম যোগ্যতার শর্তপূরণ করতে হবে।

আপনার বিশ্বস্ত

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং- রেজিঃ/ শিক্ষা-১/ ৫০০৭২ - ত্রি

তারিখঃ ১৯/১/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ